# আর্মি মেডিকেল কলেজ যশোর

যশোর সেনানিবাস

E-mail: army.mc.jessore55@gmail.com, Web: www.amcj.edu.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি - ২০২৫

**নিয়োগ বিজ্ঞপ্তি নং - আঃমেঃকঃযঃ/প্রশাসনিক/নিয়োগ/১১(৪)/১১**

আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট পরিচালনাধীন আর্মি মেডিকেল কলেজ যশোর এর জন্য বিভিন্ন বিভাগ ও পদবীতে প্রয়োজন অনুযায়ী কিছু সংখ্যক শিক্ষক ও কর্মচারী নিয়োগ প্রদান করা হবে। আগ্রহী যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নির্দেশনা **কলেজ ওয়েবসাইট (www.amcj.edu.bd) থেকে সংগ্রহ করা যাবে।**

**সাধারণ তথ্যাবলি ঃ**

ক। আগ্রহী প্রার্থীগণকে আগামী **১৬ নভেম্বর ২০২৫** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় (১৪৩০ ঘটিকা) এর মধ্যে আর্মি মেডিকেল কলেজ যশোর, যশোর সেনানিবাস এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে অথবা ব্যক্তিগতভাবে আবেদনপত্র সহ সকল কাগজপত্র জমা দিতে হবে।

খ। আবেদনের জন্য নির্ধারিত **"আবেদন ফরম" (Application form) কলেজ ওয়েবসাইট (www.amcj.edu.bd) থেকে সংগ্রহ করতে হবে।** আবেদনপত্রের শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

গ। **বয়স (৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে)** ঃ উপাধ্যক্ষ/অধ্যাপক অনূর্ধ্ব ৬০, সহযোগী অধ্যাপক অনূর্ধ্ব ৫৫, সহকারী অধ্যাপক অনূর্ধ্ব ৫২, রেজিস্ট্রার ৩৫, সহকারী রেজিস্ট্রার ও প্রভাষক ৩৫ বছর এবং কর্মচারীগণের সকল পদে অনূর্ধ্ব ৩৫ বছর।

ঘ। বেতন ভাতা আর্মি মেডিকেল কলেজ সমূহের নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী প্রযোজ্য।

ঙ। আর্মি মেডিকেল কলেজ যশোর এর অনুকূলে উপাধ্যক্ষ/অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক পদের জন্য ১,০০০ টাকার, রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার/প্রভাষক পদের জন্য ৫০০ টাকার এবং কর্মচারীগণের সকল পদের জন্য ৩০০ টাকার ব্যাংক ড্রাফট (MICR) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চ। আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। উল্লিখিত তারিখের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। পরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

ছ। অসম্পূর্ণ আবেদন বাতিল হিসাবে গণ্য হতে পারে। কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীগণের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে স্ব স্ব মোবাইল নম্বরের মাধ্যমে জানানো হবে।

**চিফ এক্সিকিউটিভ অফিসার, আর্মি মেডিকেল কলেজ যশোর**